

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৯৩

আগরতলা, ০৩ ডিসেম্বর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক দিব্যঙ্গ দিবস
রাজ্যে দিব্যঙ্গজনদের কল্যাণে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে : মেয়র

আন্তর্জাতিক দিব্যঙ্গ দিবস উদযাপন উপলক্ষে আজ আগরতলার অরুন্ধতীনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিত পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক এই অনুষ্ঠানের উদ্বোধন করেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার। অনুষ্ঠানের উদ্বোধন করে মেয়র বলেন, আন্তর্জাতিক দিব্যঙ্গ দিবস উপলক্ষে প্রতিবছর কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার বিভিন্ন কর্মসূচির আয়োজন করে। দিব্যঙ্গজনরা সাধারণ মানুষ থেকে কোনভাবে আলাদা নন। বিশেষভাবে সক্ষম হয়েও তারা সংস্কৃতিচর্চা ও খেলাধুলায় অংশ নিচ্ছে। দিব্যঙ্গজনদের কল্যাণে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার বিভিন্ন কর্মসূচি নিয়েছে। আমাদের রাজ্যেও দিব্যঙ্গজনদের কল্যাণে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। দিব্যঙ্গজনদের জন্য সামাজিক ভাতার ব্যবস্থা করা হয়েছে। অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের ‘দিব্যঙ্গজন’ নামকরণ করে তাদের প্রতি বিশেষ সম্মান প্রদর্শন করেছেন। দিব্যঙ্গজনদের কল্যাণে ও তাদের আত্মনির্ভর করে তুলতে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আধিকারিক অচিন্তম কিলিকদার, ত্রিপুরা শিশু সুরক্ষা কমিশনের সদস্যা শর্মিলা চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলার সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিপ্লব ঘোষ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের দক্ষিণ জোনের চেয়ারপার্সন অভিজৎ মল্লিক, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহ অধিকর্তা দিবাকর দেবনাথ, সমাজসেবী অসীম ভট্টাচার্য, সমাজসেবী সঞ্জয় সাহা প্রমুখ। অনুষ্ঠানে এবারের মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রথম পাঁচজন দিব্যঙ্গজন ছাত্রছাত্রী ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রথম পাঁচজন দিব্যঙ্গজন ছাত্রছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়। আন্তর্জাতিক দিব্যঙ্গজন দিবস উপলক্ষে বিভিন্ন ইভেন্টে খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
